কোটচাঁদপুরে ১৩ হাজার ৫৫৫ জন ভাতাভোগী ঈদের খুশি থেকে বঞ্চিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সলেমানপুর গ্রামের প্রতিবন্ধী নজির উদ্দিন। স্ত্রী ও এক সন্তান নিয়ে তার সংসার। প্রতিবন্ধী হয়েও ভ্যান চালিয়ে কোনো রকমে জীবিকা নির্বাহ করেন তিনি। ঈদের আগেই প্রতিবন্ধী ভাতার টাকা পাবেন এই আশায় ছিলেন নজির উদ্দিন। সেই টাকা পেলে পরিবার নিয়ে ভালোভাবে ঈদ উদযাপন করবেন বলেও ভেবেছিলেন।

কিন্তু ঈদের আর মাত্র একদিন বাকি থাকলেও এখনও ভাতার টাকা পাননি তিনি। এরই মধ্যে ব্যাংকসহ সংশ্লিষ্ট অফিস বন্ধ হয়ে যাওয়ায় ভাতা পাওয়ার আশা অনেকটাই অনিশ্চিত হয়ে পড়েছে।

শুধু নজির উদ্দিন নন, কোটচাঁদপুর উপজেলার এমন ১৩ হাজার ৫৫৫ জন ভাতাভোগী রয়েছেন, যাদের অধিকাংশই এই ভাতার টাকার ওপর নির্ভরশীল। সময়মতো টাকা না পাওয়ায় তারা ঈদের আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন।

কোটচাঁদপুর উপজেলা সমাজসেবা কর্মকর্তা বশির আহম্মেদ জানান, উপজেলায় মোট ১৩ হাজার ৫৫৫ জন ভাতাভোগী রয়েছেন। এর মধ্যে ৬ হাজার ২০৬ জন বয়স্ক, ২ হাজার ৯৭০ জন বিধবা এবং ৪ হাজার ৩৭৯ জন প্রতিবন্ধী ভাতাভোগী।

তিনি বলেন, “প্রত্যেকের ঈদের আগে তিন মাসের ভাতার টাকা পাওয়ার কথা ছিল। সে অনুযায়ী ৩ মার্চ ভাতার টাকা সাবমিট করা হয়। কিন্তু এখনো কেন ভাতাভোগীরা টাকা পাননি, তা বুঝতে পারছি না।”

তিনি আরও জানান, পাশের কালীগঞ্জ উপজেলায় শুধু বয়স্ক ভাতার টাকা প্রদান করা হয়েছে, অন্য ভাতাগুলো এখনও দেওয়া হয়নি।
এদিকে ভাতাভোগীদের অনেকে সমাজসেবা অফিসে এসে খোঁজখবর নিয়েছেন। তাদের ঈদের আগেই টাকা পৌঁছাবে বলে আশ্বাস দেওয়া হয়েছিল বলে জানান তিনি। এ বিষয়ে দায়ী কে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “সমাজসেবা অধিদপ্তর দায়ী হতে পারে, কারণ আমরা নির্ধারিত সময়েই ভাতার টাকা সাবমিট করেছি।” ভাতাভোগীরা টাকা না পাওয়ায় তিনিও দুঃখ প্রকাশ করেন।

এ বিষয়ে জেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল মমিনের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ না করায় কোনো বক্তব্য পাওয়া যায়নি।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এনামুল হাসান বলেন, “এ বিষয়টি সমাজসেবা অফিস দেখভাল করে। যদি ভাতার টাকা পাওয়ার কথা থাকে, তাহলে আজ বা কাল না পেলেও ঈদের পর পাওয়া যাবে না পাওয়ার কোনো সুযোগ নেই।”

তিনি আরও বলেন, “সমাজসেবা কর্মকর্তার সঙ্গে কথা বলেছি। অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ৩ তারিখের মধ্যে ভাতার তথ্য সাবমিট করা হয়েছে। তবে ঈদের আগে টাকা দেওয়ার বিষয়ে কোনো নিশ্চয়তা ছিল না। আমাদের পক্ষ থেকে সময়মতো সব করা হয়েছে, কিন্তু অধিদপ্তর থেকে টাকা দেওয়া সম্ভব হয়নি।”

ভাতাভোগীরা ঈদের আনন্দ থেকে বঞ্চিত হয়েছেন কিনা এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “আমি এ বিষয়ে একমত। ঈদের আগে টাকা পেলে তারা খুশি হতেন। এখন যদি না পান, তার সঠিক ব্যাখ্যা অধিদপ্তরই দিতে পারবে।”

শৈলকুপায় তেল পাম্পে ভাই-বোনকে বেধড়ক পেটালো পুলিশ কনস্টেবল

ঝিনাইদহের শৈলকুপায় পাম্পে তেল কিনতে গিয়ে মারধর ও হামলার শিকার হয়েছে ভাই-বোন। পুলিশের এক কনস্টেবল ও ইউনিয়ন যুবদল নেতার ছেলে তাদের বেধড়ক মারপিট করে।

মারপিট করার পর টেনে হিচড়ে পুলিশ ফাঁড়িতে নিয়ে গিয়ে কিছু হয়নি শর্তে মুচলেকায় স্বাক্ষর নেওয়ার চেষ্টা করে ওই ক্যাম্পের আইসি। মঙ্গলবার রাতে উপজেলার লাঙ্গলবাধ তেল পাম্পে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী যুবক শৈলকুপা উপজেলার হাবিবপুর গ্রামের রবিউল ইসলাম

অভিযোগ করেন মঙ্গলবার রাতে তিনি তার বোন ও ভাগ্নে দুই মোটরসাইকেলে লাঙ্গলবাধ পাম্পে তেল কিনতে যান।

রবিউলের গাড়িতে বোতলে জরুরি অবস্থার জন্য তেল রাখা ছিলো। তেল নিয়ে মোটরসাইকেল স্টার্ট করার সময় লাঙ্গলবাধ পুলিশ ফাঁড়ির কনস্টেবল (বিপি নং-কং ১২৪২) উজ্জল মল্লিক সিভিল পোশাকে কোন পরিচয় না দিয়ে রবিউলকে মারধর করে।

মারধরের সময় রবিউলের বোন জেসমিন খাতুন ও ভাগ্নেকে মারধর শুরু করে কনস্টেবল উজ্জল মল্লিক ও ধলহরাচন্দ্র ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক লাল্টু মন্ডলের ছেলে রিজওয়ান। রবিউল ও তার বোনকে মারপিট করে টেনে হিচড়ে টেনে নিয়ে যায় স্থানীয় পুলিশ ফাঁড়িতে। করা হয় অকথ্য ভাষায় গালিগালাজ।

একপর্যায়ে কিছু ঘটেনি এমন মুচলেকায় জোরপুর্বক স্বাক্ষর করিয়ে নেওয়ার চেস্টা করে ওই পুলিশ ক্যাম্পের আইসি এস আই আনিছুজ্জামান। পরে স্থানীয়দের সহযোগীতায় বাড়ি ফেরে ভুক্তভোগী রবিউল তার বোন ও ভাগ্নে।

রবিউল অভিযোগ করে বলেন, আমার বাড়ি থেকে বেশ দুরে তেলপাম্পটি। পথে কোথায় তেল ফুরিয়ে গেলে জরুরীর জন্য বোতলে ২০০ গ্রাম তেল রেখেছিলাম। সেই তেল দেখে কনস্টেবল উজ্জল মল্লিক কোন কথা ছাড়াই আমাকে মারধর শুরু করে। আমি বাঁধা দিলে দুইজনে বেধড়ক মারপিট করে।

এমনকি আমার বোনকে মাটিতে ফেলে পেটাতে থাকে। শুরুর দিকে তার পরিচয় জানতে পারিনি আমরা। পরে জানার পর আর কোন প্রতিবাদ করতে পারিনি।

অভিযোগের ব্যাপারে অভিযুক্ত কনস্টেবল উজ্জল মল্লিক বলেন, গতকাল একটু কথা-কাটাকাটি হয়েছিলো। রাতেই তো সেটা ঠিক হয়ে গেছে।

ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক লাল্টু মন্ডলের ছেলে রিজওয়ান বলেন, আমি তো মারধর করিনি। আমি উল্টো উনাদের ঠেকিয়েছি।
এ ব্যাপারে লাঙ্গলবাধ ক্যাম্প’র আইসি এস আই আনিসুজ্জামান বলেন, গতকাল একটু ভুলবুঝাবুঝি হয়েছিল। স্থানীয়রা বিষয়টি মিসাংসা করে দিয়েছে। আমরাও তাদের কাছে ক্ষমা চেয়েছি। একটা ঘটনা ঘটে গেলে কিছু তো করার নেই।

মহেশপুরে ট্রাকের ধাক্কায় ভ্যানযাত্রী নারী নিহত, আহত-১

ঝিনাইদহের মহেশপুরে তেলবাহী ট্রাকের ধাক্কায় ফুলঝুরি বেগম (৪৫) নামের ভ্যানের যাত্রী এক নারী নিহত হয়েছে। আহত হয়েছে তার ছেলে লাভলু। বুধবার সকালে উপজেলার খালিশপুর কোল্ড স্টোরেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, উপজেলার নিমতলা গ্রামের ফকির আহমেদের স্ত্রী ফুলঝুরি বেগম সকালে ছেলে লাভলুকে নিয়ে ভ্যানে করে চিকিৎসকের কাছে যাচ্ছিলেন।

পথে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের ওই স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি তেলবাহী ট্রাক ভ্যানটিকে ধাক্কা দিয়ে চাপা দিয়ে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

এতে ঘটনাস্থলেই ফুলঝুরি খাতুনের মৃত্যু হয়। গুরুতর আহত অবস্থায় তাঁর ছেলে লাভলুকে উদ্ধার করে প্রথমে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য যশোরে পাঠানো হয়।

এদিকে মৃত্যুর সংবাদ পেয়ে হাসপাতালে গিয়ে আহতের চিকিৎসা ও পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান জানান, দুর্ঘটনার সঙ্গে জড়িত ট্রাকটি জব্দ করা হয়েছে। তবে চালক পলাতক রয়েছেন। তাঁকে গ্রেপ্তারে অভিযান চলছে।

ঝিনাইদহে স্বপ্ন সারথীর উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে ঝিনাইদহে ‘স্বপ্ন সারথী ’ সামাজিক সংগঠনের উদ্যোগে সমাজের দুস্ত-অসহায় দরিদ্র মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার (১৮ মার্চ) শহরের উপশহর পাড়ার এক স্কুল মাঠে এই ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

স্বপ্ন সারথীর সভাপতি ড. তপন কুমার গাঙ্গুলির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ (অব:) মোহাব্বত হোসেন টিপু। এসময় বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির উপ-পরিচালক হায়দার আলী, রয়েল ডায়াগোনষ্টিক সেন্টারের স্বত্বাধিকারী ডা. রেজাউল ইসলাম রেজা, পুলিশ কর্মকর্তা গোলাম মোহাম্মদ গামা, অংকুর নাট্য একাডেমির সদস্য সচিব নাজিম উদ্দীন জুলয়াস, সংযোগ ফাউন্ডেশনের জেলা কো- অর্ডিনেটর মুন্সী আবু হাসান, কৌতুক অভিনেতা ও সমাজ কর্মী, হুমায়ন কবিরী টুকু, নবগঙ্গা ফিটনেস একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক কাজী আলী আহম্মেদ লিকু এবং স্বপ্ন সারথীর প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক প্রভাষক কাজী মোহাম্মদ আলী পিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাংবাদিক মোঃ শাহানুর আলম।

অনুষ্ঠানে ২’শ নারী-পুরুষের মাঝে ঈদের পোষাক ও খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

হরিণাকুন্ডুতে এক হাজার অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ

পবিত্র ঈদুল ফিতরের আনন্দ ভাগাভাগি করে নিতে ঝিনাইদহের হরিণাকুন্ডুর ১ হাজার অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা

হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলার রঘুনাথপুর গ্রামে শের আলী ফাউন্ডেশনের পক্ষ থেকে এ উপহার বিতরণ করা হয়। সেসময় গোল্ডেন এগ্রোভেটের ব্যবস্থাপনা পরিচালক জাহিদ হাসান, মান্দিয়া আইডিয়াল কলেজের অধ্যক্ষ রবজেল হোসেন, মান্দিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আব্দুর রশিদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। পরে ঈদের উপহার হিসেবে ওই এলাকার ১ হাজার পরিবারের মাঝে শাড়ী ও লুঙ্গি বিতরণ করা হয়।

ঈদের আনন্দ যেন সমাজের সকল স্তরের মানুষের মধ্যে সমানভাবে ছড়িয়ে পড়ে, সেই লক্ষ্যেই এই কার্যক্রম বলে জানান আয়োজকরা। ভবিষ্যতেও এ ধরনের মানবিক কার্যক্রম অব্যাহত রাখার আশ্বাস তাদের।

ঝিনাইদহে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে মানববন্ধন

অসাধু ব্যবসায়ীদের কারসাজিতে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।সোমবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচির আয়োজন করে কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)।

বিশ্ব ভোক্তা অধিকার দিবস উপলক্ষে আয়োজিত এই কর্মসূচীতে ক্যাবের সভাপতি এন এম শাহজালাল, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক নিশাত মেহেরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, অসাধু ব্যবসায়ীদের কারসাজিতে নিত্যপণ্যের দাম বেড়ে সাধারণ মানুষের নাভিশ্বাস উঠেছে। বাজার নিয়ন্ত্রণে প্রশাসনের কার্যকর পদক্ষেপ এবং ভোক্তা অধিকার নিশ্চিতে আরও তদারকির দাবি জানান তারা।

ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক হিসেবে দ্বায়িত্ব গ্রহণ করলেন এম এ মজিদ

ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক হিসেবে দ্বায়িত্ব গ্রহণ করেছেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ। আজ সোমবার (১৬ মার্চ) দুপুরে জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ তাকে দ্বায়িত্ব বুঝিয়ে দেন। এ সময় পুলিশ সুপার মাহফুজ আফজাল, জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গতকাল রবিবার দেশের ৪২টি জেলায় জেলা পরিষদ প্রশাসক হিসেবে ৪২ জনকে নিয়োগ দিয়েছে সরকার। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের জেলা পরিষদ শাখার উপসচিব খোন্দকার ফরহাদ আহম্মেদ রাষ্ট্রপতির আদেশক্রমে এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেন।

ঝিনাইদহ প্রশাসক হিসেবে নিয়োগ পান জেলা বিএনপির সভাপতি এম এ মজিদ। স্থানীয় সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন ও জেলার সার্বিক উন্নয়ন এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেছেন নবনিযুক্ত প্রশাসক মজিদ।

কৃষকদল নেতা হত্যার বিচারের দাবিতে ঝিনাইদহে বিএনপির সংবাদ সম্মেলন

ঝিনাইদহে বিএনপি ও জামায়াতের সংঘর্ষে নিহত কৃষকদল নেতা তরু মুন্সী হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবিতে সংবাদ সম্মেলন

করেছে বিএনপি।

রোববার দুপুরে ঝিনাইদহ জেলা বিএনপি কার্যালয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, কৃষকদল নেতা তরু মুন্সী হত্যাকারীদের মধ্যে কয়েকজন আসামী গ্রেফতার হলেও বাকি আসামীদের এখনও গ্রেফতার করা হয়নি। তারা হত্যার ঘটনাকে ভিন্নখাতে নেওয়ার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। নেতৃবৃন্দ অবিলম্বে হত্যাকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক বিচারের দাবি জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে জেলা বিএনপির সভাপতি এডভোকেট আব্দুল মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সদর উপজেলা বিএনপির সভাপতি এডভোকেট কামাল আজাদ পান্নু সহ দলটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী এবং নিহতের স্বজনরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শুক্রবার সকালে সদর উপজেলার মাধবপুর গ্রামে জামায়াতের মহিলা শাখার পক্ষ থেকে ইফতারের আয়োজন করা হয়। দুপুরে ইফতারের আয়োজন নিয়ে নারী কর্মীদের সঙ্গে স্থানীয় বিএনপি নেতাকর্মীদের বাক-বিতণ্ডা হয়। এক পর্যায়ে মহিলা কর্মীদের পরিবারের সদস্যদের সঙ্গে বিএনপি কর্মীদের সংঘর্ষ বেধে যায়। এতে উভয় পক্ষের অন্তত ৮ জন আহত হন। তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। এদের মধ্যে কৃষকদল নেতা তরু মুন্সীর অবস্থা গুরুতর হওয়ায় তাকে ঢাকায় রেফার করা হয়। সেখানে রাত ৮টায় মারা যান তরু মুন্সী। নিহত তরু গান্না ইউনিয়নের ৮ নং ওয়ার্ড কৃষকদলের সাংগঠনিক সম্পাদক ছিলেন।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযান: ৩ ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুর বাজারে জনস্বার্থে ও বাজার নিয়ন্ত্রণে ভ্রাম্যমাণ আদালত বিশেষ অভিযান পরিচালনা করেছে। অভিযানে সরকারি নির্দেশনা অমান্য ও বিভিন্ন অনিয়মের দায়ে ৩টি ব্যবসা

প্রতিষ্ঠানকে মোট ৬ হাজার টাকা জরিমানা করা হয়।

রোববার দুপুরে কোটচাঁদপুর বাজারে এই অভিযান পরিচালিত হয়। আদালত সূত্রে জানা গেছে, নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে এই অভিযান চালানো হয়েছে। এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারায় অপরাধ প্রমাণিত হওয়ায় তিনটি প্রতিষ্ঠানকে ২,০০০ টাকা করে মোট ৬,০০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সোহেল রানা জানান, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম স্থিতিশীল রাখা এবং ব্যবসা প্রতিষ্ঠানে স্বচ্ছতা নিশ্চিত করতে এই ধরণের অভিযান অব্যাহত থাকবে। তিনি ব্যবসায়ীদের সঠিক নিয়মে ব্যবসা পরিচালনার এবং সরকারি আইন মেনে চলার আহ্বান জানান।

অভিযান চলাকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ঈদকে ঘিরে বাজারে জাল নোটের ছড়াছড়ি

আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে ঝিনাইদহসহ আশপাশের জেলাগুলোতে সক্রিয় হয়ে উঠেছে জালনোট চক্র। ঈদের আগে বাজারে লেনদেন বাড়ার সুযোগ কাজে লাগিয়ে এসব চক্র জাল টাকা ছড়িয়ে দেওয়ার চেষ্টা করছে। এতে সাধারণ ব্যবসায়ী ও ক্রেতারা প্রতারণার ঝুঁকিতে পড়ছেন।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তারা বলছেন, এসব চক্র অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে জালনোট তৈরি করছে, যা সাধারণ মানুষের পক্ষে সহজে শনাক্ত করা কঠিন। এ বিষয়ে ইতোমধ্যে আইনশৃঙ্খলা বাহিনী কাজ শুরু করেছে।

জানা গেছে, জালনোটের কারবার এখন আর পাড়া-মহল্লার মধ্যে সীমাবদ্ধ নেই। ডিজিটাল প্ল্যাটফর্মেও চলছে এ টাকার রমরমা ব্যবসা। সামাজিক

যোগাযোগমাধ্যম ফেসবুক ও ইউটিউবে খোলা হয়েছে শতাধিক পেজ। এসব পেজে দেওয়া হচ্ছে নানা ধরনের অফার। লোভনীয় এসব অফারে ক্রেতাদের আকৃষ্ট করছে সংঘবদ্ধ চক্র। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্ত থেকে ঝিনাইদহসহ আশপাশের জেলায় ক্রেতাদের হাতে পৌঁছে দেওয়া হচ্ছে এসব নকল টাকা।

এক লাখ টাকার জালনোট বিক্রি করা হচ্ছে ২০ থেকে ২৫ হাজার টাকায়। ১০০ টাকা থেকে শুরু করে সব ধরনের নোট সরবরাহ করছে চক্রটি। এসব নোট এতটাই নিখুঁত যে সহজে আসল-নকল বোঝা যায় না।

সূত্র জানায়, অল্প সময়ে বড়লোক হওয়ার লোভে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষার্থীও এই কারবারে জড়িয়ে পড়ছে। ঈদের আগে পোশাক, খাদ্যপণ্যসহ বিভিন্ন খাতে কেনাকাটা বেড়ে যায়। এই সময়কে লক্ষ্য করে কাপড় বাজারসহ বিভিন্ন হাটবাজারে লেনদেনের সময় জালনোট চালানোর ঘটনা বেশি ঘটছে। বিশেষ করে ব্যবসায়ীদের তাড়াহুড়োকে কাজে লাগিয়ে ৫০০ ও ১ হাজার টাকার জালনোট চালিয়ে দেওয়া হয়। এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীরা।

শহরের কেপি বসু সড়কের কাপড় ব্যবসায়ী মোস্তাফিজুর রহমান বলেন, “এক ব্যক্তি দোকানে এসে ৭ হাজার টাকার মূল্যের দুটি শাড়ি কেনেন। সবগুলোই নতুন টাকার নোট দেন। পরে ওই ব্যক্তি চলে গেলে জানতে পারি ৭ হাজার টাকার মধ্যে ৪ হাজার টাকাই জালনোট।”

পায়রা চত্বর এলাকার ফল ব্যবসায়ী কাওসার আলী বলেন, “ইফতারের কিছুক্ষণ আগে দুই যুবক মোটরসাইকেলে করে ফল কিনতে আসে। তারা ২ হাজার ৫০০ টাকার ফল কিনে নিয়ে যায়। পরে আড়তে টাকা দিতে গেলে মালিক বলেন ১ হাজার টাকার দুটি নোট জাল। তখন বুঝতে পারি ওই যুবকেরা জালনোট দিয়ে গেছে।”

অপরাধ বিশ্লেষক মো. লিয়াকত হোসেন বলেন, “বিভিন্ন উৎসব এলেই জালনোট চক্রের তৎপরতা বেড়ে যায়। তারা মূলত ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের টার্গেট করে। এতে প্রান্তিক ব্যবসায়ীরা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। ঈদের মৌসুমে প্রশাসনের নজরদারি আরও কঠোর করতে হবে। পাশাপাশি বাজারে প্রযুক্তিগত সক্ষমতাও বাড়াতে হবে। না হলে এ ধরনের অপরাধ নিয়ন্ত্রণ করা কঠিন হবে।”

সোনালী ব্যাংক ঝিনাইদহ শাখার উপ-ব্যবস্থাপক বসির উদ্দিন মেহেরপুর প্রতিদিনকে বলেন, “আসল টাকার নোট শনাক্ত করার জন্য

কয়েকটি নিরাপত্তা বৈশিষ্ট্য রয়েছে যেমন জলছাপ, নিরাপত্তা সুতা ও রং পরিবর্তনশীল কালি। এসব বৈশিষ্ট্য যাচাই করলে জালনোট শনাক্ত করা সহজ হয়। তবে ঈদের বেচাকেনার সময় ব্যবসায়ীদের হাতে সময় কম থাকে। এজন্য গ্রাহকদের কাছ থেকে টাকা নেওয়ার কাজটি দক্ষ লোক দিয়ে করা উচিত।”

এ ব্যাপারে ঝিনাইদহ র্যাব ক্যাম্পের অধিনায়ক মেহেদি ইমরান সিদ্দিকি মেহেরপুর প্রতিদিনকে বলেন, “জালনোট কারবারের সঙ্গে জড়িত চক্রগুলোকে শনাক্ত করতে ইতোমধ্যে গোয়েন্দা তৎপরতা বাড়ানো হয়েছে। আমাদের সাইবার মনিটরিং টিম জালনোটের বিজ্ঞাপনদাতাদের বিষয়ে অনলাইনে কাজ করছে। এর মধ্যে কয়েকটি প্রতারক চক্রের বিষয়ে আমরা তথ্য পেয়েছি।”

তিনি আরও বলেন, “এ ধরনের প্রতারণার সঙ্গে জড়িতদের কোনো প্রকার ছাড় দেওয়া হবে না। শিগগিরই তাদের বিরুদ্ধে অভিযান চালিয়ে আটক করে আইনের আওতায় আনা হবে।”